

সাপের বিষ, কামড়ের চিকিৎসা ও গবেষণা নিয়ে আলোচনাচক্র গড়বেতা কলেজে

পত্রিকা প্রতিনিধি : গড়বেতা কলেজের সেমিনার হলে 'সাপের বিষ, কামড়ের চিকিৎসা ও গবেষণা' বিষয়ে সচেতনতামূলক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। কলকাতা বিশ্ববিদ্যালয়ের শারীরবিদ্যা বিভাগের ভূতপূর্ব বিশিষ্ট অধ্যাপক এন্টনি গোমেজ মুখ্য বক্তা হিসাবে ছিলেন। কলেজের প্রাণীবিদ্যা, উদ্ভিদবিদ্যা ও শারীর বিদ্যা বিভাগ যৌথভাবে আলোচনা চক্রটির আয়োজন করে। স্থানীয় বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও গড়বেতা স্বাস্থ্য কেন্দ্রের অনেক আশাকর্মী আলোচনা চক্রে যোগদান করেন। এন্টনি গোমেজ তাঁর বক্তব্যে সাপের বিষের ক্ষতিকর ও প্রাণঘাতী নিকগুলির পাশাপাশি সাপের কামড়ের প্রাথমিক চিকিৎসা



পদ্ধতি ও সাবধানতা নিয়ে

মুখ্যমন্ত্রীর হাতে শান্তিনগরের পুজোর উদ্বোধন আজ

পত্রিকা প্রতিনিধি : আজ, বুধবার সন্ধ্যার চন্দ্রকোনারোড শান্তিনগর সর্বজনীন দুর্গোৎসব কমিটির পুজোর 'ভার্চুয়াল' উদ্বোধন

মন্ডপটির উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। ইতিমধ্যে প্রতিমা ও মন্ডপ তৈরির কাজ শেষ করে ফেলেছেন শিল্পীরা। এবছর

আলোচনা করেন। আলোচনার শেষে কুইজ ছাত্রছাত্রীদের উৎসাহিত করে। আলোচনা চক্রের উদ্বোধন করেন ওই কলেজের অধ্যক্ষ হরিপ্রসাদ সরকার। উপস্থিত ছিলেন সুশীল কুমার ঘোষ, সাজেস বিশ্বাস প্রমুখ। সফালনা করেন শারীর বিদ্যা বিভাগের বিভাগীয় প্রধান স্নাতীলেখামাইতি।

আলোচনা চক্র

গড়বেতা: 'সাপের বিষ, কামড়ের চিকিৎসা ও গবেষণা' শীর্ষক সচেতনতামূলক এক আলোচনা চক্র অনুষ্ঠিত হল মঙ্গলবার গড়বেতা কলেজে। এর উদ্বোধন করেন কলেজের অধ্যক্ষ হরিপ্রসাদ সরকার। মুখ্য বক্তা ছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক অ্যান্টনি গোমেজ। কলেজের প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা ও শারীরবিদ্যা বিভাগ যৌথ ভাবে এই আলোচনা চক্রের আয়োজন করেন।